



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

তারিখঃ ১৯/০৯/২০১৭খ্রি.

স্মারকনং-বশিবো/নিব:/জে এস সি/০১/২০১৭/২১৭৬


বিষয়ঃ জে এস সি - ২০১৭ এর নিবন্ধন কার্ড বিতরণ।

বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্বীকৃতিপ্রাপ্ত, পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের এ মর্মে জানানো যাচ্ছে যে, জে,এস,সি-২০১৭ শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বোর্ডের সম্মেলন কক্ষ(৪র্থ তলা)হতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ক্ষমতাপ্রাপ্ত শিক্ষককে গ্রহণ করার জন্য অনুরোধ করা গেল। যে সকল নিবন্ধন কার্ডে অসংগতি পরিলক্ষিত হবে সে সকল কার্ড শিক্ষার্থীদের নিকট বিলি না করে বোর্ডে জমা দেয়ার জন্য বলা হলো। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর নিজ নাম, পিতার নাম, মাতার নামের আক্ষরিক ভুল, জন্ম তারিখ এবং বিষয় কোড ভুল হলে ২৮/০৯/১৭খ্রি: থেকে ০৪/১০/১৭খ্রি: পর্যন্ত বিদ্যালয় নিবন্ধন শাখা থেকে ২০০/- (দুইশত) টাকার ডিডি/পে অর্ডার দিয়ে সংশোধন করা যাবে (সংশোধনের জন্য প্রধান শিক্ষকের আবেদন, শিক্ষার্থীর নিজ নাম ও জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে প্রাথমিক সমাপনী সনদের সত্যায়িত কপি এবং পিতা ও মাতার নাম সংশোধনের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের (N.I.D) ফটোকপি অবশ্যই সংযুক্ত থাকতে হবে)। উল্লেখ্য একই শিক্ষার্থীর একাধিক ভুলের জন্য ২০০/- (দুইশত) টাকার ডিডি/পে অর্ডার দিয়ে সংশোধন করা যাবে। তবে নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর ছবি না থাকলে উক্ত শিক্ষার্থীর ১" X ১" সাইজের ছবি আইকা দিয়ে লাগিয়ে ছবির উপর প্রধান শিক্ষকের সত্যায়নসহ বোর্ডে জমা দিয়ে বিদ্যালয় পরিদর্শকের স্বাক্ষর করিয়ে নিতে হবে। কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্ডে ছবি পরিবর্তন হয়ে গেলে উক্ত শিক্ষার্থীর নিবন্ধন কার্ড বিতরণ না করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার জন্য বলা হলো।

০১	ঝালকাঠী, পিরোজপুর	২৫/০৯/১৭খ্রি:	সোমবার
০২	পটুয়াখালী, ভোলা	২৬/০৯/১৭খ্রি:	মঙ্গলবার
০৩	বরিশাল, বরগুনা	২৭/০৯/১৭খ্রি:	বুধবার

বিঃদ্র: নির্ধারিত তারিখে কোন প্রতিষ্ঠান নিবন্ধন কার্ড গ্রহণ করতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিদিনের জন্য ২০০/- (দুইশত টাকা) হারে ডি,ডি পে-অর্ডার জমা দিয়ে নিবন্ধন কার্ড গ্রহণ করতে পারবেন (বোর্ড কমিটির ২১তম সভার সিদ্ধান্ত অনুসারে)।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মো: আবুল বশার তালুকদার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল
19.09.17

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল

অনুমতি প্রাপ্ত, স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ:

০১। অত্র বোর্ডের সকল কর্মকর্তা।

০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল).....(অধিক্ষেত্রাধীন সকল অনুমতি প্রাপ্ত, স্বীকৃতি প্রাপ্ত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)।

০৩। পি এস টু চেয়ারম্যান, বশিবো

০৪। সংরক্ষণ নথি।